



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চ-৪২/২০১৬/১৫১২১

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

পতেঙ্গা ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: উত্তর পতেঙ্গা, উপজেলা: পতেঙ্গা, জেলা: চট্টগ্রাম-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ০২-১২-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৬ থেকে ৩০-০৬-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

- আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার পাশাপাশি মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, প্রজেক্টর ও আইপিএস-এর ব্যবস্থাসহ মহিলা শিক্ষিকা ও মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা কমনরুম, ওয়াশরুম, ও নামাজের স্থান আরও আধুনিকায়ন করতে হবে;
- অতি দ্রুততম সময়ের মধ্যে স্মারক উল্লেখসহ অখন্ড জমির সনদ (হালনাগাদ), দূরত্ব সনদ, খাজনার রশিদ (হালনাগাদ) মাদরাসা পরিদর্শন দপ্তরে জমা দেওয়ার পাশাপাশি ফাজিলসহ সকল শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধিসহ ক্লাসে শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং শ্রেণিকক্ষে মূল কিতাব পড়াতে হবে;
- ক্যাম্পাসকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি ক্লাসরুমগুলোতে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থাক্ষেত্রসহ পুরনো কক্ষ-দরজা-জানালাগুলো ডেকোরেশন ও প্রয়োজন অনুযায়ী মেরামত করতে হবে;
- প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সঙ্গে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
- মাদরাসার হোস্টেল ব্যবস্থাকে আধুনিকায়ন করত: হোস্টেলের শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের নিরাপত্তাসহ মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
- ফাইল নোট অনুমোদনের মাধ্যমে আর্থিক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং মাদরাসার শিক্ষক-শিক্ষার্থী-কর্মচারীগণের নিয়মিত বায়োমেট্রিক হাজিরাসহ ক্লাসে শিক্ষার্থীদের ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
- কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
- শিক্ষার্থীদের মেধা বিকাশ ও ভাষাগত দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালুকরণের পাশাপাশি জন্য “ডিবেইট ক্লাব, ক্রিয়েটিং রাইটিং ক্লাব, আর্ট অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব চালু করতে হবে;
- সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে এবং আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি মাদরাসার সকল অ্যালামনাইদের নাম, ঠিকানা, কর্মস্থল ও মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;
- মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে এবং অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, পতেঙ্গা ইসলামিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর: উত্তর পতেঙ্গা, উপজেলা: পতেঙ্গা, জেলা: চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চ-৪২/২০১৬/১৫১২১

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
- রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- সভাপতি, পতেঙ্গা ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: উত্তর পতেঙ্গা, উপজেলা: পতেঙ্গা, জেলা: চট্টগ্রাম।
- অফিস নথি।

(শিরিনা আক্তার)
০৭.১০.২০২৬

সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭৫৪২৩০৯০০